**ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**

**website: www.bb.org.bd**

ডিওএস সার্কুলার নং-০৪

তারিখঃ ১০ অক্টোবর, ২০১৩
২৫ আশ্বিন, ১৪২০

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

**ম্যানেজমেন্ট রিপোর্ট বাংলাদেশ ব্যাংকে দাখিল প্রসঙ্গে।**

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ৪০ ধারায় তফসিলি ব্যাংকসমূহের অনুমোদিত নিরীক্ষিত আর্থিক বিবরণী হিসাব বছর সমাপ্ত হওয়ার দুই মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকে দাখিলের নির্দেশনা রয়েছে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংকসমূহের নিরীক্ষিত আর্থিক বিবরণীসমূহ পরীক্ষণ ও প্রকৃত আর্থিক অবস্থা নিরূপণের উদ্দেশ্যে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এখন থেকে ব্যাংকসমূহ হিসাব বর্ষ শেষ হওয়ার ৭৫ (পঁচাত্তর) দিনের মধ্যে বহিঃনিরীক্ষক কর্তৃক প্রণীত ম্যানেজমেন্ট রিপোর্ট ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে আবশ্যিকভাবে দাখিল করবে।

এতদ্বিষয়ে ইতোপূর্বে ১২ অক্টোবর, ২০০৬ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৩ বাতিল বলে গণ্য হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,
স্বাঃ/-
(এস, এম, রবিউল হাসান)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯৩